# বিশেষ অনুশীলন-২

বিষয় কোড-১৪৩

শ্রেণি - দশম

বিষয় : ব্যবসায় উদ্যোগ

সময়: ১ঘন্টা ১৫ মিনিট পূর্ণমান : ৫০

## বহুনির্বাচনী অংশ: (৩০ মিনিট)

( সঠিক উত্তরটি খাতায় লিখ, প্রতিটি প্রশ্নের মান-১)

১। নিচের কোনটি পর্যায়িতকরনের বৈশিষ্ট্যি?
ক) আলু ডিলারের কাছে সরবরাহ করা
খ) আলুর মূল্য নির্ধারণ করা
গ) লাল আলুকে বিভিন্ন সাইজে ভাগ করা
ঘ) আলুকে হিমাগারে সংরক্ষণ করা

২। জানুয়ারিতে উৎপাদিত পণ্য জুলাইতে বিক্রয় করা হয়। এখানে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে?
ক) রূপগত খ) সময়গত গ) অর্থগত ঘ) স্বত্বগত

৩। ক্ষুদ্রশিল্প উদ্যোক্তাদের অধিক সহায়তা দানকারী এনজিও প্রতিষ্ঠান কোনটি?
ক) মাইডাস খ) ব্র্যাক গ) প্রশিকা ঘ) টিএমএসএস

৪। SME লোন পাওয়ার ক্ষেত্রে আবেদনকারী ব্যবসায়ীর অযোগ্যতা কোনটি?
ক) কমপক্ষে দু'বছরের অভিজ্ঞতা
খ) কমপক্ষে পাঁচ বছরের অভিজ্ঞতা
গ) ঋণ খেলাপি ব্যক্তি
ঘ) মহিলা উদ্যোক্তা

৫। শ্রীভাষ আইকম পাস করে নতুন ব্যবসায় শুরু করার কথা ভাবছে। তাঁর উদ্যোক্তা হিসেবে গড়ে উঠতে প্রথমত কোন ধরনের সহায়তা প্রয়োজন?
ক) উদ্দীপনামূলক খ) সমর্থনমূলক
গ) সংরক্ষণমূলক ঘ) উন্নয়নমূলক

৬। ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তি হল-
ক) পরিকল্পনা খ) সংগঠন গ) নিয়ন্ত্রণ ঘ) নেতৃত্ব

৭। দায়িত্ব ও জবাবদিহিতা নির্ধারণ ব্যবস্থাপনার কোন কাজের সাথে সম্পৃক্ত?
ক) সংগঠন খ) পরিকল্পনা গ) নিয়ন্ত্রণ ঘ) কর্মীসংস্থান

৮। কর্মীসংস্থান প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হলো-
i) প্রমোশন
ii) প্রশিক্ষণ
iii) বেতন বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯। মিঃ রনজিত একটা স্বনামধন্য প্রতিষ্ঠানর আঞ্চলিক বিক্রয় ব্যবস্থাপক। তিনি তার অঞ্চলের স্থানীয় কর্মকর্তাদের নিয়ে মাসে সভা করে বিক্রয় টার্গেট নির্ধারণ ও করণীয় ঠিক করেন। তার নের্তৃত্ব কোন ধরনের?
ক) আমলাতান্ত্রিক খ) মুক্ত নেতৃত্ব
গ) গণতান্ত্রিক ঘ) স্বৈরতান্ত্রিক

১০। ক্ষুদ্র ও মাঝারি শিল্প সাধারণত কোন ধরনের ব্যবসায়?
ক) একমালিকানা খ) কোম্পানি
গ) সমবায় সমিতি ঘ) অংশীদারি

* **নিচের উদ্দীপকটি পড়ে ১১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সাদিক মাষ্টার্স ডিগ্রী অর্জনের পর কোন চাকুরিতে যোগদান না করে ২ কোটি টাকা ও ৫০ জন শ্রমিক নিয়ে নিজ গ্রামে একটি পোল্ট্রি ফার্ম স্থাপন করেন।

১১। জনাব সাদিক কর্তৃক স্থাপিত পোল্ট্রি ফার্মটি কোন ধরনের প্রতিষ্ঠান?
ক) কুটির শিল্প খ) ক্ষুদ্র শিল্প
গ) মাঝারি শিল্প ঘ) বৃহৎ শিল্প

১২। বিপণনের মাধ্যমে কয় ধরনের উপযোগ সৃষ্টি হয়?
ক) ৩ খ) ৪ গ) ৫ ঘ) ৬

১৩। সম আয় ব্যয় বিন্দু নির্ধারণে ব্যবসায়ের জানা যায়-
i) পণ্যের সঠিক মুল্য নির্ধারণ
ii) বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি
iii) মুনাফা পরিকল্পনা প্রণয়ন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪। বিসিকের প্রধান কাজ কী?
ক) পুঁজি সংস্থান খ) বিনিয়োগে পরামর্শ দান
গ) কর নীতি বাস্তবায়ন ঘ) কর অবকাশ

* **নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
পহেলা বৈশাখে ইলিশের চাহিদা বৃদ্ধি পায়। তাই মাছ ব্যবসায়ী আমজাদ অতিরিক্ত মুনাফার প্রত্যাশায় কয়েক মাস পূর্ব থেকেই ইলিশ মাছে এক প্রকার রাসায়নিক পদার্থ দিয়ে গুদামে সংরক্ষণ করেন।

১৫। মিঃ আমজাদের কাজটি কোন বিষয়ের সাথে অসংগতিপূর্ণ?
ক) গুদামজাতকরণ খ) মুনাফা অর্জন
গ) চাহিদা পূরণ ঘ) নৈতিকতা

১৬। উদ্দীপকে উল্লেখিত অবস্থা মোকাবেলায় একজন দায়িত্বশীল ব্যবসায়ীর করণীয়–
i) স্বাস্থ্য সম্মতভাবে সংরক্ষণ
ii) মজুদ বৃদ্ধি
iii) মনোভাবের পরিবর্তন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৭। SME এর পূর্ণরূপ কী?
ক) Single and Medium Enterprise
খ) Semi Medium Enterprise
গ) Small and Medium Enterprise
ঘ) Social Modern Enterprise

* **নিচের উদ্দীপকটি পড়ে ১৮নং প্রশ্নের উত্তর দাওঃ**
জনাব ইমরান নতুন একটি সফট ড্রিংকস বাজারে নিয়ে এসেছেন। কিন্তু ক্রেতাদের আগ্রহ না থাকায় ড্রিংকসটি বাজারে বেশি দিন টিকতে পারেনি।

১৮। সফট ড্রিংকস বাজারে নিয়ে আসার পূর্বে জনাব ইমরানের কোন কাজটি করা উচিত ছিল?
ক) উদ্ভাবন ও উন্নয়ন খ) তথ্য সংগ্রহ
গ) মূল্য হ্রাস ঘ) আকর্ষণীয় মোড়কীকরণ

১৯। জনাব আকাশ নেত্রকোনায় শিল্প এলাকায় ব্যবসায় স্থাপন করে কর অবকাশ সুবিধা পেলেন। এটি তার ব্যবসায়ের কোন ধরনের সহায়তা?
ক) সামাজিক খ) উদ্দীপনামূলক
গ) সমর্থনমূলক ঘ) সংরক্ষণমূলক

২০। আদর্শ নেতার গুণগুলো হলো–
i) দৈহিক সামর্থ্য ও সুস্থতা
ii) প্রখর ব্যক্তিত্ব, শিক্ষা ও অভিজ্ঞতা
iii) সুচতুর ও স্বার্থপরতা
নীচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১। বিক্রয়কর্মীর সুন্দর হাসি কোন ধরনের গুণাবলী?
ক) মানসিক খ) নৈতিক গ) শারীরিক ঘ) অন্যান্য

২২। স্থানীয় চাহিদার উপর ভিত্তি করে গড়ে ওঠে–
i) ক্ষুদ্র শিল্প ii) মাঝারি শিল্প iii) কুটির শিল্প
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩। নিচের কোনটি বৃহৎ শিল্পের আওতায় পড়ে?
ক) তাঁত শিল্প খ) গ্লাস শিল্প
গ) সিরামিক শিল্প ঘ) কাগজ শিল্প

২৪। বিজ্ঞাপনী ফলক দেখা যায় কোনটিতে?
ক) টিভিতে খ) সিনেমা হলে
গ) রাস্তার পাশে ঘ) যাত্রীবাহি গাড়িতে

২৫। শিল্পস্থাপনে সহজে কেউ এগিয়ে আসতে চায়না কেন?
ক) এতে সৃজনশীলতার প্রয়োজন হয়
খ) এ কাজ গঠনমূলক বলে
গ) নিজস্ব পুঁজির প্রয়োজন হয়
ঘ) এ কাজে ঝুঁকি নিতে হয় বলে

* **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাওঃ-**
জনাব রাসেল একজন সবজি উৎপাদনকারী। তিনি প্রত্যহ ভোরে সবজি তুলে মান অনুযায়ী সাজিয়ে স্থানীয় বাজারে বিক্রি করেন। এতে তার সংসারে স্বচ্ছলতা ফিরে আসে।

২৬। মিঃ রাসেল বিপণের কোন কাজটি করেন?
ক) মোড়কীকরণ খ) প্রমিতকরণ
গ) পর্যায়িতকরণ ঘ) গুদামজাতকরণ

২৭। মিঃ রাসেলের ক্ষেত্রে কোন বণ্টন প্রণালী প্রযোজ্য?
ক) উৎপাদক → ভোক্তা
খ) উৎপাদক → খুচরা ব্যবসায়ী
গ) উৎপাদক → পাইকার → খুচরা ব্যবসায়ী
ঘ) উৎপাদক → পাইকার → ভোক্তা

২৮। মার্জিত ব্যবহার আদর্শ বিক্রয়কর্মীর কোন ধরনের গুণাবলী?
ক) শারীরিক খ) মানবিক
গ) নৈতিক ঘ) অন্যান্য গুণাবলী

২৯। বাংলাদেশের সম্ভাবনাময় বৃহৎশিল্প কোনটি?
ক) প্লাস্টিক কারখানা খ) অটোমোবাইল
গ) ঔষধ তৈরীর কারখানা ঘ) বিভিন্ন ধরনের হিমাগার

৩০। "শোপিস" কোন কুটির শিল্পের অর্ন্তগত?
ক) পাটজাত শিল্প খ) হস্ত শিল্প
গ) মৃৎ শিল্প ঘ) ঝিনুক শিল্প

## সৃজনশীল অংশঃ (৪৫ মিনিট)

১। মিঃ ইয়ামিন "লংমার্চ" নামে একটি জুতোর কারখানা স্থাপন করেন। শিল্প সংক্রান্ত জ্ঞানার্জনের জন্য তিনি একটি সরকারি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ গ্রহণ করেন। কীভাবে কারখানার উন্নয়ন ঘটাবেন, বিপণন ও তার প্রচার কাজ করবেন ইত্যাদি বিষয়ে উক্ত প্রতিষ্ঠানটি পরামর্শ প্রদান করে। তাছাড়া তিনি প্রতিষ্ঠানটি সম্প্রসারণের জন্য ব্যাংক থেকে ঋণ সহায়তা পেয়ে থাকেন। ফলে প্রতিষ্ঠানটি বাজারে ইতিবাচক প্রভাব তৈরীতে সক্ষম হয়।

ক) বিজ্ঞাপন কী? ১
খ) মহিলা অধিদপ্তরের প্রধান কাজটি ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকের মিঃ ইয়ামিন প্রথমে উদ্যোগ উন্নয়নে কোন ধরনের সহায়তা গ্রহণ করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ) মিঃ ইয়ামিনকে ব্যাংক যে সহায়তা প্রদান করেছে উদ্যোগ উন্নয়নের ধরণ উল্লেখ পূর্বক এর প্রয়োজনীয়তা মূল্যায়ন কর। ৪

২। জনাব নিশান বস্ত্র শিল্পের মালিক। তার ব্যবসায়ে নির্দিষ্ট সময়ে কী পরিমাপ অর্থ আসে ও ব্যয় হয় তার প্রকৃত অবস্থা জানার জন্য একটি বিবরণী তৈরী করেন। তিনি পণ্যের উৎপাদন ব্যয় ও বিক্রয় মূল্যের সমতা বিধান করেন। এ কারণে প্রত্যাশিত মুনাফা অর্জনের জন্য উপযুক্ত মূল্য নির্ধারণ করে বিক্রয়ের পরিমাণ বাড়াতে সক্ষম হয়েছেন।

ক) ব্যবসায় সক্ষমতা যাচাই করতেহয় কখন? ১
খ) প্রকল্প নির্বাচনে জনসংখ্যার প্রভাব ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকে জনাব নিশান ব্যবসায়ের প্রকৃত অবস্থা জানার জন্য কোন বিবরণী তৈরী করেন? ৩
ঘ) জনাব নিশানের ব্যবসায়ের সঠিক মূল্য নির্ধারণের যথার্থতা বিশ্লেষণ কর। ৪